গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বিটিএমসি ভবন (১০ম তলা)
৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.dot.gov.bd

নং-২৪.০২.০০০০.০০১.১৮.০০২.১২ (অংশ)-৫-১৬০৮

তারিখঃ ০১ ভাদ্র ১৪২৫ বঙ্গাব্দ
১৬ আগস্ট ২০১৮ খ্রিস্টাব্দ

প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে জারীকৃত বস্ত্র ও পাট মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত পত্রটি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১। অধ্যক্ষ, টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, পাবনা / জোরারগঞ্জ, চট্টগ্রাম/ বেগমগঞ্জ, নোয়াখালী/ ঝিনাইদহ।
২। অধ্যক্ষ, শহীদ আবদুর রব সেরনিয়াবাত টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, বরিশাল।
৩। অধ্যক্ষ, বঙ্গবন্ধু টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, কালীহাতি, টাংগাইল ।
৪। অধ্যক্ষ, টেক্সটাইল ইনস্টিটিউট, টাংগাইল/দিনাজপুর/রংপুর/নাটোর/চট্টগ্রাম।
৫। উপ-পরিচালক, প্রশাসন/রপ্তানী/পরিকল্পনা/বাস্তবায়ন/জরিপ ও পরিসংখ্যান/এম.আই, বস্ত্র অধিদপ্তর, ঢাকা।
৬। উপ-পরিচালক, বিভাগীয় বস্ত্র অধিদপ্তর, ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা।(আপনার নিয়ন্ত্রণাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান সমূহকে জানানোর জন্য অনুরোধ করা হলো)।
৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বস্ত্র অধিদপ্তর, ঢাকা।
৮। জনাব মোঃ সাইফুল ইসলাম, লাইব্রেরীয়ান, ওয়েবসাইটে প্রকাশের জন্য।
৯। মাস্টার ফাইল।

১৬/০৮/১৮

(এ,কে,এম,রাজিবুর রহমান)
সহকারী-পরিচালক (প্রশাসন)(অঃ দাঃ)
মহাপরিচালক, বস্ত্র অধিদপ্তরের পক্ষে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
পুরাতন সংসদ ভবন
ঢাকা

পত্র সংখ্যা ..০৩.০৩.২৬৯০.০৯৩.১৮.০০৩.১৮-২৩৩

তারিখঃ ..২২ জুলাই ২০১৮.........

বিষয়ঃ "টেকসই উন্নয়ন অভীষ্ট অর্জনে জনপ্রশাসনের দক্ষতা বৃদ্ধিকরণ" শীর্ষক প্রকল্পের আওতাভুক্ত প্রধানমন্ত্রী ফেলোশিপের বিজ্ঞপ্তি অবহিতকরণ

উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর কার্যালয়ের গভর্নেন্স ইনোভেশন ইউনিট কর্তৃক বাস্তবায়নাধীন "টেকসই উন্নয়ন অভীষ্ট অর্জনে জনপ্রশাসনের দক্ষতা বৃদ্ধিকরণ" শীর্ষক প্রকল্পের আওতায় সংযুক্ত বিজ্ঞপ্তি মোতাবেক মাস্টার্স ও পিএইচডি প্রোগ্রামে প্রধানমন্ত্রী ফেলোশিপ প্রদান করা হবে।

এমতাবস্থায়, প্রধানমন্ত্রী ফেলোশিপ ২০১৮-১৯ এর বিজ্ঞপ্তি তাঁর মন্ত্রণালয়/বিভাগ ও আওতাধীন দপ্তরের কর্মকর্তাদের অবহিতকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে ০৩ (তিন) পাতা


ইসমাত মাহমুদা
উপ-প্রকল্প পরিচালক
"টেকসই উন্নয়ন অভীষ্ট অর্জনে জনপ্রশাসনের দক্ষতাবৃদ্ধিকরণ" প্রকল্প
ও
পরিচালক
গভর্নেন্স ইনোভেশন ইউনিট
প্রধানমন্ত্রীর কার্যালয়
ফোনঃ+৮৮(০২)৯১৩১৮৫৪,+৮৮০১৭১৫৪২৫৭৪৩


বস্ত্র ও পাট মন্ত্রণালয়
প্রশাসন-১(সংস্থাপন) অধিশাখা

নং- ২৪.০০.০০০০.১১১.৯৯.০২২.১৫-৭০৩

তারিখঃ-৩০/০৭/২০১৮।

সদয় অবগতি ও প্রধানমন্ত্রীর কার্যালয় হতে প্রাপ্ত পত্রের মর্মানুযায়ী আগ্রহী কর্মকর্তাগণকে আবেদনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয় :

০১। অতিরিক্ত সচিব (সকল), বস্ত্র ও পাট মন্ত্রণালয়, ঢাকা।
০২। চেয়ারম্যান, বিজেএমসি/বিটিএমসি/বিজেসি (বিঃ)/বাংলাদেশ তাঁত বোর্ড, ঢাকা।
০৩। মহাপরিচালক, পাট অধিদপ্তর/বস্ত্র অধিদপ্তর, ঢাকা।
০৪। যুগ্মসচিব (সকল), বস্ত্র ও পাট মন্ত্রণালয়, ঢাকা।
০৫। মহাপরিচালক, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।
০৬। পরিচালক, বিএসআরটিআই, রাজশাহী।
০৭। উপসচিব (সকল)/উপ-প্রধান, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, ঢাকা।
০৮। সিনিয়র সহকারী প্রধান (সকল), বস্ত্র ও পাট মন্ত্রণালয়, ঢাকা।
০৯। সিস্টেম এনালিস্ট, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, ঢাকা।
১০। প্রোগ্রামার, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, ঢাকা।
১১। জনসংযোগ কর্মকর্তা, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, ঢাকা।
১২। সহকারী সচিব (সকল), বস্ত্র ও পাট মন্ত্রণালয়, ঢাকা।
১৩। সহকারী প্রোগ্রামার/মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
গভর্নেন্স ইনোভেশন ইউনিট
'টেকসই উন্নয়ন অভীষ্ট অর্জনে জনপ্রশাসনের দক্ষতা বৃদ্ধিকরণ' প্রকল্প

নং- ০৩.০৩.২৬৯০.০৯৩.১৮.০০৩.১৮-২২৭

তারিখ: ২৭ আষাঢ় ১৪২৫ / ১১ জুলাই ২০১৮

## প্রধানমন্ত্রী ফেলোশিপ বিজ্ঞপ্তি

গভর্নেন্স ইনোভেশন ইউনিট, প্রধানমন্ত্রীর কার্যালয়ের 'টেকসই উন্নয়ন অভীষ্ট অর্জনে জনপ্রশাসনের দক্ষতা বৃদ্ধিকরণ' প্রকল্পের আওতায় উচ্চতর শিক্ষায় (পিএইচডি এবং মাস্টার্স) "প্রধানমন্ত্রী ফেলোশিপ" প্রদানের লক্ষ্যে বাংলাদেশের নাগরিকগণের কাছ থেকে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

ফেলোশিপে আবেদনকারীগণের জন্য প্রয়োজনীয় শর্তাবলী

১) প্রত্যাশিত ডিগ্রীর জন্য বিশ্ববিদ্যালয়/ শিক্ষা প্রতিষ্ঠান হতে নিঃশর্ত এডমিশন অফার (পূর্ণকালীন) [Unconditional offer letter (full time)] থাকতে হবে। উক্ত এডমিশন অফারে উল্লেখিত ভর্তির শেষ তারিখ ৩০ জুন ২০১৯ এর মধ্যে হতে হবে।

২) বিশ্ববিদ্যালয়/ শিক্ষা প্রতিষ্ঠান এর র‍্যাঙ্কিং The Times Higher Education World University Rankings 2018 অনুযায়ী প্রথম ৩০০ এর মধ্যে হতে হবে।

৩) আবেদনকারীর নিকট কার্যকর (valid) TOEFL iBT/ IELTS স্কোর থাকতে হবে (আবেদন গ্রহণের শেষ তারিখ পর্যন্ত)। তবে TOEFL iBT স্কোর ৮০/ IELTS স্কোর ৬ এর নিম্নে নম্বর প্রাপ্তগণ আবেদনের যোগ্য বলে বিবেচিত হবেন না।

৪) আবেদনকারী সরকারি কর্মকর্তা হলে কাঙ্ক্ষিত অধ্যয়ন শেষে ন্যূনতম নিম্নবর্ণিত সময় চাকরি থাকতে হবে

| | | |
|---|---|---|
| ১. পিএইচডি | - | ১২ বছর |
| ২. মাস্টার্স | - | ১৫ বছর |

৫) বেসরকারি প্রার্থীর ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমাঃ

| | | |
|---|---|---|
| ১. পিএইচডি | - | ৪৫ বছর |
| ২. মাস্টার্স | - | ৪০ বছর |

৬) সরকারি কর্মকর্তার ক্ষেত্রে চাকরিতে প্রবেশের পর বিদেশে কোন মাস্টার্স সম্পন্ন করে থাকলে মাস্টার্সের ফেলোশিপের জন্য বিবেচিত হবেন না।

৭) বেসরকারি প্রার্থীর ক্ষেত্রে ইতোমধ্যে বিদেশে কোন মাস্টার্স সম্পন্ন করে থাকলে মাস্টার্সের ফেলোশিপের জন্য বিবেচিত হবেন না।

৮) পিএইচডি সম্পন্নকৃত প্রার্থীর আবেদনপত্র পিএইচডি/ মাস্টার্স ফেলোশিপের জন্য বিবেচিত হবে না।

৯) আবেদনকারী সরকারি কর্মকর্তা হলে চাকরি স্থায়ী হতে হবে।

১০) পিএইচডি আবেদনের ক্ষেত্রে মাস্টার্স ডিগ্রীধারী, মাস্টার্স আবেদনের ক্ষেত্রে স্নাতক ডিগ্রীধারী হতে হবে।

১১) সরকারি/ বেসরকারি/ আন্তর্জাতিক কোন পূর্ণাঙ্গ বৃত্তি/ ফেলোশিপপ্রাপ্ত প্রার্থীগণ এই ফেলোশিপের জন্য বিবেচিত হবেন না। তবে শর্ত থাকে যে, কোন বিশ্ববিদ্যালয় থেকে আংশিক বৃত্তি প্রাপ্তগণ আবেদন করতে পারবেন। এক্ষেত্রে ফেলোশিপ নির্বাচন কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১২) চূড়ান্তভাবে নির্বাচিত/ মনোনীত প্রার্থীগণকে আবশ্যিকভাবে নির্ধারিত বিশ্ববিদ্যালয় ও নির্ধারিত সেশনে অংশগ্রহণ করতে হবে। প্রার্থীর ব্যক্তিগত কোন কারণে নির্ধারিত কোর্সে অংশগ্রহণে ব্যর্থ হলে মনোনীত প্রার্থীর মনোনয়ন

সরাসরি বাতিল বলে গণ্য হবে। একইসাথে উক্ত প্রার্থী ভবিষ্যতে এই প্রকল্পের আওতায় কোন কোর্সে আবেদনের যোগ্য বলে বিবেচিত হবেন না।

১৩) ফেলোশিপ প্রাপ্ত ব্যক্তি কাঙ্ক্ষিত অধ্যয়ন শেষে দেশে ফিরে ন্যূনতম ০২ বছর দেশে কর্মজীবন অতিবাহিত করবেন মর্মে দুই জন সরকারি কর্মচারীর (৫ম গ্রেড বা তার উর্ধ্বে) বা স্থানীয় সরকারের জনপ্রতিনিধির (সিটি কর্পোরেশনের মেয়র/ কাউন্সিলর, পৌরসভার মেয়র, উপজেলা পরিষদের চেয়ারম্যান) সাক্ষীর স্বাক্ষরসহ বিধি মোতাবেক নন জুডিশিয়াল স্ট্যাম্পে ৩০০০০০.০০ (তিন লক্ষ) টাকার বন্ড প্রদান করবেন। উল্লেখ্য, ফেলোশিপ প্রাপ্ত ব্যক্তি অধ্যয়ন শেষে দেশে ফেরত না আসলে, প্রকল্প দপ্তর ফেলোশিপ প্রাপ্ত ব্যক্তি কর্তৃক গৃহীত অর্থ আদায়ের জন্য 'পিডিআর' আইনে বা অন্য কোন প্রযোজ্য আইনে মামলা করতে পারবে।

১৪) প্রকল্প দপ্তর, স্টিয়ারিং কমিটির অনুমোদন সাপেক্ষে ফেলোশিপপ্রাপ্ত ব্যক্তিগণের কাঙ্ক্ষিত অধ্যয়ন শেষে দেশে ফেরার বিষয়ে এবং অন্যান্য যেকোন বিষয়ে প্রকল্পের সঠিক বাস্তবায়ন নিশ্চিত করতে নতুন শর্ত সংযোজন করতে পারবে।

১৫) আবেদনকারী সরকারি কর্মকর্তা হলে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

১৬) প্রাথমিক ভাবে এসডিজি অর্জনে বাংলাদেশের সক্ষমতা বৃদ্ধিতে নিম্নোক্ত বিষয়সমূহকে প্রাধান্য দেয়া হবে:

Economics, Public Policy, Public Management, Public Administration, Governance, Development Administration, Legal Studies, Peace and Conflict studies, Environmental Issues, Global Issues, Global Warming, Climate Change, Disaster Management, Power and Energy, Development Economics, Social safety Net, Project Management, Financial Management, Business & Trade, Organizational Leadership, ICT Management, Performance Management, Issues related to Policy Consultancy and Social Policy Analysis, Women and Gender, Water and Maritime, Autism, Refuge and Migration, International Relation, Infrastructure, Health and Nutrition etc.

১৭) আবেদন পদ্ধতি:

১. আবেদনকারীকে নির্ধারিত ফরম এর মাধ্যমে আবেদন করতে হবে (আবেদন ফরম www.pmo.gov.bd এবং www.giupmo.gov.bd হতে ডাউনলোড করা যাবে)

২. আবেদনকারীকে নিম্নে উল্লেখিত ই-মেইল ঠিকানা বরাবর আবেদন করতে হবে। আবেদনপত্রের একটি কপি (সংযুক্ত দলিলাদিসহ) সরাসরি বা ডাকযোগে প্রেরণ করতে হবে। সরাসরি বা ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে আবেদন খামের উপর প্রার্থিত ফেলোশিপের প্রকৃতি (পিএইচডি/মাস্টার্স) এবং কাঙ্ক্ষিত কোর্সের সেশন স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

ক) পিএইচডি এর ক্ষেত্রে আবেদন প্রেরণের ই-মেইল ঠিকানা : pmfphd2018@gmail.com

খ) মাস্টার্স এর ক্ষেত্রে আবেদন প্রেরণের ই-মেইল ঠিকানা : pmfms2018@gmail.com

১৮) অনলাইন ও সরাসরি বা ডাকযোগে আবেদনের শেষ সময়:

ক) যে সকল প্রার্থীর সেশন/ ক্লাস শুরুর সময় আগামী ৩০ নভেম্বর ২০১৮ এর মধ্যে তাঁদের ক্ষেত্রে ৩১ জুলাই ২০১৮, বাংলাদেশ স্থানীয় সময় বিকেল ০৫.০০ টা।

খ) যে সকল প্রার্থীর সেশন/ ক্লাস শুরুর সময় আগামী ১ ডিসেম্বর ২০১৮ থেকে ৩০ জুন ২০১৯ এর মধ্যে তাঁদের ক্ষেত্রে ৩১ অক্টোবর ২০১৮, বাংলাদেশ স্থানীয় সময় বিকেল ০৫.০০ টা।

গ) নির্ধারিত সময়ের মধ্যে আবেদনের সফট ও হার্ড কপি উভয়ই প্রেরণ করতে হবে। উভয় মাধ্যমে আবেদন না পাওয়া গেলে আবেদন গ্রহণযোগ্য হবে না।

১৯) ডাকযোগে আবেদনপত্র প্রেরণের ঠিকানা:

প্রকল্প পরিচালক
"টেকসই উন্নয়ন অভীষ্ট অর্জনে জনপ্রশাসনের দক্ষতা বৃদ্ধিকরণ" প্রকল্প
ও
মহাপরিচালক
গভর্নেন্স ইনোভেশন ইউনিট
প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা-১২১৫

২০) আবেদনপত্রের সাথে নিম্নলিখিত দলিলাদি সংযুক্ত করতে হবেঃ

১. ই-মেইলে আবেদন ফরমের MS Word and PDF উভয় ভার্সন সংযুক্ত (attach) করতে হবে;
২. Applicant's suitability for the scholarship, linkage of proposed research /study with SDG implementation, future prospects of utilizing the acquired knowledge through this study program এবং professional experience উল্লেখ করে ইংরেজিতে অনধিক ১০০০ শব্দে 'Statement of Purpose' দাখিল করতে হবে [ই-মেইলে MS Word এবং PDF ভার্সন সংযুক্ত (attach) করতে হবে];
৩. সকল শিক্ষাগত যোগ্যতার কপি [ই-মেইলে PDF ভার্সন সংযুক্ত (attach) করতে হবে];
৪. জাতীয় পরিচয় পত্র (National Identity Card-NID) [ই-মেইলে PDF ভার্সন সংযুক্ত (attach) করতে হবে];
৫. TOEFL iBT/ IELTS পরীক্ষার ফলাফল এর কপি [ই-মেইলে PDF ভার্সন সংযুক্ত (attach) করতে হবে];
৬. বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান হতে নিঃশর্ত এডমিশন অফার (পূর্ণকালীন) [Unconditional offer letter (full-time)] [ই-মেইলে PDF ভার্সন সংযুক্ত (attach) করতে হবে];
৭. অভিজ্ঞতার সনদ (শুধুমাত্র বেসরকারি আবেদনকারীদের ক্ষেত্রে) [ই-মেইলে PDF ভার্সন সংযুক্ত (attach) করতে হবে];
৮. দুই কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি (ই-মেইলে ছবির সফ্‌ট কপি সংযুক্ত (attach) করতে হবে এবং ডাকযোগে প্রেরিত আবেদনের প্রথম পাতার নির্ধারিত স্থানে সংযুক্ত করতে হবে।)

২২/৭/১৮

(মোঃ আবদুল হালিম)
প্রকল্প পরিচালক
'টেকসই উন্নয়ন অভীষ্ট অর্জনে
জনপ্রশাসনের দক্ষতা বৃদ্ধিকরণ' প্রকল্প
ও
মহাপরিচালক
গভর্নেন্স ইনোভেশন ইউনিট
প্রধানমন্ত্রীর কার্যালয়
ফোনঃ +৮৮-০২-৯১৩৬৯০১